**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১০৫/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার ২৮ নভেম্বর ২০১৭, ১৪ অগ্রহায়ন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সমুদ্রের নিরাপত্তায় ভারত মহাসাগরীয় দেশগুলোর ঐক্যের বিকল্প নেই : রাষ্ট্রপতি

২। পিলখানা হত্যা মামলায় রায়ে ১৩৯ জনের ফাঁসি বহাল, ১৮৫ আসামির যাবজ্জীবন
দণ্ডপ্রাপ্তরা আপিল করতে পারবেন : অ্যাটর্নি জেনারেল
হাইকোর্টের পর্যবেক্ষণ : গোয়েন্দা ব্যর্থতার তদন্ত প্রয়োজন

৩। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ আইনের খসড়া মন্ত্রিসভায় অনুমোদন
১২ ডিসেম্বর জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস

৪। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও টিউলিপকে মন্ত্রিসভার অভিনন্দন

৫। রোহিঙ্গাদের জন্য শীতবস্ত্রের ব্যবস্থা হবে : প্রধানমন্ত্রী

৬। রাষ্ট্রদূতদের প্রতি রোহিঙ্গা ইস্যুতে তৎপর থাকার নির্দেশ পররাষ্ট্রমন্ত্রীর

৭। রোহিঙ্গাদের সহায়তায় আরো ১৩৬ কোটি টাকা দিচ্ছে যুক্তরাজ্য

৮। ব্যাংক ঋণে বীমা বাধ্যতামূলক করা হবে : অর্থমন্ত্রী

৯। রাজাকার ও স্বৈরাচারী সরকার না আসার সংগ্রামে
ডা. মিলন আমাদের প্রেরণার উৎস : তথ্যমন্ত্রী

১০। উচ্চশিক্ষার মান বাড়ানোর চেষ্টা চালিয়ে যেতে হবে : শিক্ষামন্ত্রী

১১। সামাজিক বনায়ন : ১৫১ উপকারভোগী পেলেন দুই কোটি ৫২ লাখ টাকা

চলমান পাতা-২

**১।	সমুদ্রের নিরাপত্তায় ভারত মহাসাগরীয় দেশগুলোর ঐক্যের বিকল্প নেই : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ভারত মহাসাগরীয় দেশসমূহের মধ্যে সমুদ্রবিষয়ক সহযোগিতা বাড়ানোর প্রতি গুরুত্বারোপ করে বলেছেন, সমুদ্র নিরাপত্তার চ্যালেঞ্জসমূহ বহুমুখী ও ক্রমশ জটিল আকার ধারণ করছে। ঘূর্ণিঝড় ও সুনামির মত প্রাকৃতিক দুর্যোগ কার্যকরভাবে মোকাবিলা করা একটি রাষ্ট্রের একার পক্ষে সম্ভব নয়। এজন্য ভারত মহাসাগরীয় দেশগুলোকে একযোগে কাজ করতে হবে। গতকাল (২৭ নভেম্বর সোমবার) কক্সবাজারে ইন্ডিয়ান ওশান নেভাল সিম্পোজিয়ামের (আইওএনএস) মাল্টিলেটারাল মেরিটাইম সার্চ অ্যান্ড রেসকিউ এক্সারসাইজের উদ্বোধন অনুষ্ঠানে রাষ্ট্রপতি এসব কথা বলেন। ভারত মহাসাগরীয় অঞ্চলের দেশসমূহের নৌবাহিনীর মধ্যকার আঞ্চলিক সম্প্রীতি ও সহযোগিতা জোরদার করার লক্ষ্যে বাংলাদেশ নৌবাহিনী বঙ্গোপসাগরে এ আন্তর্জাতিক সমুদ্র মহড়ার আয়োজন করেছে। মহড়ায় আইওএনএস এর ২৩টি সদস্য দেশের মধ্যে ২২টি দেশ অংশ নিচ্ছে। এছাড়া পর্যবেক্ষক হিসেবে অংশ নিচ্ছে ৯টি দেশ। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৬)।

**২।	পিলখানা হত্যা মামলায় রায়ে ১৩৯ জনের ফাঁসি বহাল, ১৮৫ আসামির যাবজ্জীবন**
**দণ্ডপ্রাপ্তরা আপিল করতে পারবেন : অ্যাটর্নি জেনারেল**
**হাইকোর্টের পর্যবেক্ষণ : গোয়েন্দা ব্যর্থতার তদন্ত প্রয়োজন**

পিলখানা হত্যাকাণ্ডে নিম্ন আদালতের দেওয়া **১৫২** জনের মধ্যে **১৩৯** বিডিআর জওয়ানের মৃত্যুদণ্ড বহাল রেখেছে হাইকোর্ট। যে **১৩** জনের মৃত্যুদণ্ড বহাল রাখা হয়নি, তাদের মধ্যে চারজনকে খালাস দেওয়া হয়েছে। আর মৃত্যুদণ্ড হ্রাস করে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়েছে আট জওয়ানকে। এদিকে নিম্ন আদালতে যাবজ্জীবন পাওয়া **১৬০** জনের মধ্যে **১৪৬** জনের সাজা বহাল রাখা হয়েছে। তবে নিম্ন আদালতে খালাস পাওয়া **৩১** জওয়ানকে নতুন করে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছে হাইকোর্ট। এখন মোট যাবজ্জীবন দণ্ডপ্রাপ্ত আসামির সংখ্যা গিয়ে দাঁড়িয়েছে **১৮৫** জনে। হাইকোর্টের বৃহত্তর বেঞ্চ গতকাল (২৭ নভেম্বর সোমবার) ডেথ রেফারেন্স ও আপিলের ওপর এ রায় ঘোষণা করে। এদিকে অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম জানিয়েছেন, এ মামলায় মৃত্যুদণ্ড ও যাবজ্জীবন কারাদণ্ডপ্রাপ্তরা আপিল করতে পারবেন। সূত্র-**ইত্তেফাক, প্রথম আলো, যুগান্তর, সংবাদ, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, নিউজ টুডে, ডেইলি স্টার**সহ অধিকাংশ পত্রিকা এ  বিষয়ে লিড নিউজ ছেপেছে।

পিলখানায় বিডিআর (বর্তমানে বিজিবি) বিদ্রোহের আগে বিডিআর সদস্যদের অসন্তোষের বিষয়ে গোয়েন্দারা কেন সরকারকে আগাম তথ্য দিতে ব্যর্থ হয়েছিল, তা তদন্ত করে দেখার সুপারিশ করেছেন হাইকোর্ট। রায়ের পর্যবেক্ষণে আদালত বলেছেন, বিডিআর বিদ্রোহের পেছনে ভেতরের ও বাইরের ষড়যন্ত্র থাকতে পারে। কোনোরকম ষড়যন্ত্র ছাড়া এত বড় হত্যাকাণ্ড ঘটতে পারে না। গতকাল (২৭ নভেম্বর সোমবার) বিচারপতি মো. শওকত হোসেনের নেতৃত্বাধীন তিন সদস্যের বৃহত্তর হাইকোর্ট বেঞ্চের দেওয়া রায়ের পর্যবেক্ষণে সাত দফা সুপারিশসহ এ কথা বলা হয়। বেঞ্চের অন্য দুই সদস্য হলেন বিচারপতি মো. আবু জাফর সিদ্দিকী ও বিচারপতি মো. নজরুল ইসলাম তালুকদার। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.২)।

**৩।	বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ আইনের খসড়া মন্ত্রিসভায় অনুমোদন**
**১২ ডিসেম্বর জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস**

মন্ত্রিসভার বৈঠকে বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ আইনের খসড়া অনুমোদিত হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর কার্যালয়ে গতকাল (২৭ নভেম্বর সোমবার) মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। এছাড়া **১২** ডিসেম্বরকে জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি দিবস হিসেবে পালনের প্রস্তাব অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। সূত্র-**সমকাল, সংবাদ** (পৃ.২,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

৪। **প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও টিউলিপকে মন্ত্রিসভার অভিনন্দন**

বিশ্বের সৎ ও পরিশ্রমী সরকারপ্রধানের তালিকায় স্থান পাওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে এবং যুক্তরাজ্যের প্যাচওয়ার্ক ফাউন্ডেশনের 'লেবার নিউকামার এমপি অব দ্য ইয়ার' নির্বাচিত হওয়ায় বঙ্গবন্ধুর নাতনি টিউলিপ রেজওয়ানা সিদ্দিককে অভিনন্দন জানিয়েছে মন্ত্রিসভা। গতকাল (২৭ নভেম্বর সোমবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অভিন্দন জানানো হয়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে, নিউ নেশন** (পৃ.৩,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

৫। **রোহিঙ্গাদের জন্য শীতবস্ত্রের ব্যবস্থা হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, নির্যাতনের হাত থেকে রক্ষা ও প্রাণে বাঁচতে মিয়ানমার থেকে পালিয়ে আসা রোহিঙ্গাদের জন্য সরকারের পক্ষ থেকে পর্যাপ্ত শীতবস্ত্রের ব্যবস্থা করা হবে। গতকাল (২৭ নভেম্বর সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে পেট্রোল বোমার আঘাতে নিহতদের পরিবারের সদস্য ও আহতদের আর্থিক সহায়তার চেকপ্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। বেসরকারি ব্যাংক মালিকদের সংগঠন-বিএবি, পোশাকশিল্প মালিকদের সংগঠন-বিজিএমইএসহ বিভিন্ন প্রতিষ্ঠানের পক্ষ থেকে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে দেওয়া শীতবস্ত্র গ্রহণ করেন শেখ হাসিনা। এ সময় নিষ্ঠা ও সততার সঙ্গে ব্যাংক পরিচালনার আহ্বান জানান প্রধানমন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৬। **রাষ্ট্রদূতদের প্রতি রোহিঙ্গা ইস্যুতে তৎপর থাকার নির্দেশ পররাষ্ট্রমন্ত্রীর**

বিভিন্ন দেশে নিযুক্ত বাংলাদেশের কূটনীতিকদের রোহিঙ্গা ইস্যুতে নিজ নিজ কর্মরত দেশের ওপর অব্যাহত চাপ রাখার নির্দেশ দিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী এ এইচ মাহমুদ আলী। গতকাল (২৭ নভেম্বর সোমবার) কূটনীতিকদের নিয়ে ঢাকায় শুরু হওয়া দূত সম্মেলনের দ্বিতীয় দিন কূটনীতিকদের তিনি এ নির্দেশনা দেন। রোহিঙ্গা সংকট, প্রতিবেশী দেশের ও এর বাইরের দেশের সঙ্গে কূটনীতি বিষয়ে সম্মেলনে সরকারের অবস্থান তুলে ধরেছেন পররাষ্ট্রমন্ত্রী। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.১,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭)।

৭। **রোহিঙ্গাদের সহায়তায় আরো ১৩৬ কোটি টাকা দিচ্ছে যুক্তরাজ্য**

রোহিঙ্গাদের সহায়তায় আরো ১ কোটি ২০ লাখ পাউন্ড বা ১৩৬ কোটি ১৭ লাখ টাকা অনুদানের ঘোষণা দিয়েছে যুক্তরাজ্য। বাংলাদেশ সফররত যুক্তরাজ্য সরকারের উন্নয়ন সংস্থা ডিএফআইডি'র সেক্রেটারি পেনি মরডান্ট গত ২৫ নভেম্বর শনিবার কক্সবাজার রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনশেষে এ অর্থ সহায়তার ঘোষণা দেন বলে গতকাল (২৭ নভেম্বর সোমবার) জানিয়েছে ঢাকার ব্রিটিশ হাইকমিশন। রোহিঙ্গাদের জন্য যুক্তরাজ্য নতুন এ সাহায্যসহ এ পর্যন্ত মোট ৫ কোটি ৯০ লাখ পাউন্ড বা ৬৬৯ কোটি ৫১ লাখ ৯৪ হাজার টাকা অনুদান দিল। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৩,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

৮। **ব্যাংক ঋণে বীমা বাধ্যতামূলক করা হবে : অর্থমন্ত্রী**

ব্যাংক ঋণের বিপরীতে বীমা বাধ্যতামূলক করা দরকার বলে মনে করেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। একইসঙ্গে এ শিল্পের উন্নয়নে আরো তিনটি পদক্ষেপ নেওয়ার দরকার বলেও জানিয়েছেন তিনি। গতকাল (২৭ নভেম্বর সোমবার) রাজধানীর ঢাকা ক্লাবে বীমাবিষয়ক এক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা জানান। অর্থমন্ত্রী বলেন, ব্যাংকের ঋণের সঙ্গে বীমাকে বাধ্যতামূলক করতে পদক্ষেপ নেওয়া হবে। মন্ত্রী আরো জানান, সরকার আরো তিনটি ব্যাংকের অনুমোদন দিচ্ছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **যুগান্তর** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

**৯। রাজাকার ও স্বৈরাচারী সরকার না আসার সংগ্রামে ডা. মিলন আমাদের প্রেরণার উৎস : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, দেশে যাতে আর রাজাকার ও স্বৈরাচারী সরকার না আসে, সেই সংগ্রামে ডা. মিলন আমাদের প্রেরণার উৎস।' তিনি বলেন, ডা. মিলনের রক্তে পাওয়া গণতন্ত্রকে জঙ্গিবাদের কবল থেকে মুক্ত রাখার সংগ্রাম চলছে। এ সংগ্রামে শহিদ হওয়ার ২৭ বছর পরও তিনি প্রাসঙ্গিক। তথ্যমন্ত্রী শহিদ ডা. মিলনের স্মরণে গতকাল (২৭ নভেম্বর সোমবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি সংলগ্ন ডা. মিলনের সমাধিতে পুষ্পার্ঘ্য অর্পণ শেষে টিএসসি চত্বরে এক স্মরণসভায় এ কথা বলেন। সূত্র-**বাসস, যুগান্তর** (পৃ.১৭,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫)।

**১০। উচ্চশিক্ষার মান বাড়ানোর চেষ্টা চালিয়ে যেতে হবে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার পরিবেশ এবং গুণগত মান বৃদ্ধির জন্য প্রচেষ্টা চালিয়ে যেতে হবে। ব্যবসা ও মুনাফার চিন্তা ত্যাগ করে জনকল্যাণ, সেবার মনোভাব ও শিক্ষায় অবদান রাখার দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে আসতে হবে। বিশ্ববিদ্যালয়কে জ্ঞানচর্চা, গবেষণা ও নতুন জ্ঞান অনুসন্ধান করতে হবে। গতকাল (২৭ নভেম্বর সোমবার) রাজধানীর বসুন্ধরা আন্তর্জাতিক কনভেনশন সেন্টারে শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজির দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে সভাপতির বক্তৃতায় তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.১) **ভোরের কাগজ** (পৃ.২,ক.৪)।

**১১। সামাজিক বনায়ন : ১৫১ উপকারভোগী পেলেন দুই কোটি ৫২ লাখ টাকা**

সামাজিক বনায়নের আওতায় ঢাকা বন বিভাগের গাজীপুর জেলার **১৫১** জন উপকারভোগীর মধ্যে দুই কোটি ৫২ লাখ টাকার চেক বিতরণ করা হয়েছে। গতকাল (২৭ নভেম্বর সোমবার) আগারগাঁও বন ভবনে তাদের মধ্যে লভ্যাংশের চেক বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পরিবেশ ও বনমন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৩)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** পথখাবারের স্বাস্থ্যগত ঝুঁকি নিয়ে সম্প্রতি প্রকাশিত বেশকিছু প্রতিবেদনে এগুলো জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি হিসিবে চিহ্নিত হওয়ার কথা উল্লেখ করে এ ব্যাপারে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

খ. **প্রথম আলো :** নারীর প্রতি সহিংসতা বন্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান।

গ. **সংবাদ, প্রথম আলো, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান :** জাতীয়করণ হওয়া এবং হতে যাওয়া কলেজ শিক্ষকদের বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারে অন্তর্ভুক্ত না করার দাবিতে সারা দেশে সরকারি কলেজসহ বিভিন্ন দফতরে শিক্ষা ক্যাডারের কর্মকর্তারা কর্মবিরতি পালন করায় শিক্ষা কার্যক্রম স্থবির হয়ে পড়েছে উল্লেখ করে প্রচলিত নিয়ম অনুসারেই জাতীয়করণ করা উচিত বলে মতপ্রকাশ।

ঘ. **সমকাল :** উপকূলীয় এলাকায় বিভিন্নভাবে লবণাক্ত পানি ঢুকে চাষাবাদের জমি ও বসবাসের জায়গা ক্ষতিগ্রস্ত হওয়ায় এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **যায়যায়দিন, সমকাল, নিউ নেশন, এশিয়ান এজ :** দেশে স্বর্ণের বাজার নিয়ন্ত্রণহীন থাকায় স্বর্ণ চোরাচালান বৃদ্ধি পেয়েছে উল্লেখ করে এ ব্যাপারে নজরদারির সুপারিশ।

চ. **ডেইলি স্টার :** রাজধানীর ফ্লাইওভারগুলোর নীচের জায়গা অবৈধভাবে দখল করে দোকানপাট ও কার পার্কিং গড়ে ওঠায় জনগণের সহজ চলাচল ব্যাহত হয়ে আরও যানজট তৈরি হওয়ায় সিটি করপোরেশন, পুলিশ ও রাজউককে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ছ. **অবজারভার, ডেইলি সান :** দূত সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বের বিভিন্ন দেশে নিয়োজিত বাংলাদেশি কূটনীতিকদের বহির্বিশ্বে বাংলাদেশের পণ্য ও শ্রমবাজার তৈরি করা, প্রবাসী শ্রমিকদের স্বার্থরক্ষায় কাজ করা ও বাংলাদেশের পর্যটনশিল্পের বিকাশে কাজ করার যে আহ্বান জানিয়েছেন তা মাথায় রেখে তারা স্বীয় দায়িত্ব ও কর্তব্য নিষ্ঠার সঙ্গে পালন করবেন বলে প্রত্যাশা ব্যক্ত।

জ. **ইন্ডিপেনডেন্ট :** কৃষিজাত খাদ্যশস্যের উৎপাদন বাড়াতে কৃষক পর্যায়ে চিহ্নিত সমস্যাগুলো গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে যত দ্রুত সম্ভব তা সমাধানের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, কৃষিখাতে সরকারি ব্যয় বৃদ্ধি করে উপকরণ খরচ কমিয়ে রাখা না হলে উৎপাদন বৃদ্ধির কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জন সম্ভব হবেনা।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'প্রশ্নপত্র ফাঁস শিক্ষার সর্বনাশ'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, নির্লোভ, যোগ্যতাসম্পন্ন, অভিজ্ঞ শিক্ষক দ্বারা শ্রেণিকক্ষে সুষ্ঠু পাঠদান নিশ্চিত করতে পারলে কোচিং বাণিজ্য বন্ধ হবে, প্রশ্নপত্র ফাঁসের প্রবণতাও থাকবে না।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/৯.০০ঘন্টা/২০১৭